

কালের কণ্ঠ

আপডেট : ২১ মার্চ, ২০১৯ ২৩:২৩

এমপিওভুক্তির দাবিতে ফের মাঠে শিক্ষকরা



এমপিওভুক্তির দাবিতে গতকাল জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করে নন-এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী ফেডারেশন। ছবি : কালের কণ্ঠ

এমপিওভুক্তির দাবিতে ফের মাঠে নেমেছেন নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। গতকাল বৃহস্পতিবার সকাল ১১টা থেকে প্রেস ক্লাবের সামনে অবস্থান নিয়েছেন আন্দোলনকারীরা। প্রধানমন্ত্রীর সাক্ষাৎ না পাওয়া পর্যন্ত তাঁরা রাস্তায় অবস্থান করার ঘোষণা দিয়েছেন।

পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী, গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেস ক্লাবের সামনে থেকে প্রধানমন্ত্রী কার্যালয় অভিমুখে পদযাত্রা শুরু করেন শিক্ষকরা। কদম ফোয়ারার সামনে গিয়ে তাঁরা পুলিশি বাধার মুখে পড়েন। পরে সেখানেই অবস্থান নেন কয়েক হাজার শিক্ষক। এতে ওই সড়কে তীব্র যানজটের সৃষ্টি হয়। পরে আন্দোলনকারীরা জাতীয় প্রেস ক্লাবের সামনের সড়কের দুই পাশে অবস্থান নেন।

এর আগে গত বুধবার বাংলাদেশ নন-এমপিও শিক্ষক কর্মচারী ফেডারেশনের ব্যানারে প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি শুরু করেন শিক্ষকরা। সেখান থেকে তাঁরা প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে পদযাত্রার ঘোষণা দেন।

ফেডারেশনের সভাপতি অধ্যক্ষ গোলাম মাহমুদুল্লাহ ডলার বলেন, ‘আগে আমাদের অনেকেই আশ্বাস দিয়েছে। আমরাও বাড়ি ফিরে গেছি। এবার প্রধানমন্ত্রীর সাক্ষাৎ না পাওয়া পর্যন্ত আমরা রাজপথেই থাকব।’

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com